

১. সমাজবিজ্ঞান ও সমাজদর্শন কি এক ও অভিন্ন?

উত্তর:- না, সমাজবিজ্ঞান ও সমাজদর্শন এক ও অভিন্ন নয়।

২. সমাজবিজ্ঞান কী ?

উত্তর:-সমাজবিজ্ঞান হল একটি বিজ্ঞান, যেখানে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি থেকে সমাজের গঠন, কার্যাবলী ও রীতিনীতি আলোচনা করা হয় এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি থেকে সমাজের বিকাশ ও উন্নতির জন্য নতুন নতুন প্রকল্প রচনা করা হয়।

৩. সমাজদর্শন বলতে কি বোঝায়?

উত্তর:-সমাজ দর্শন হল সেই শাস্ত্র যেখানে দার্শনিক দৃষ্টিভঙ্গি থেকে সমাজের গঠনাত্মক দিক, গৃহীত রীতিনীতি গুলিকে মূল্যায়ন করা হয়।

৪. গিসবার্টের মতে, সমাজদর্শনের স্বরূপ কি?

উত্তর:- গিসবার্টের মতে, 'সমাজদর্শন হল সমাজবিজ্ঞান ও দর্শনের মিলনস্থল ও উভয়ের অন্তর্গত।

৫. গিসবার্টের মতে, সমাজদর্শনের কটি দিক লক্ষ্য করা যায় এবং কি কি ?

উত্তর:-গিসবার্টের মতে, সমাজদর্শনের দুটি দিক বা দৃষ্টিভঙ্গি লক্ষ্য করা যায়- (১) জ্ঞানগতদিক এবং (২) আদর্শমূলক দিক।

৬. সমাজ দর্শনের আবার জ্ঞানগত দিকটির কয়টি বিভাগ লক্ষ্য করা যায় এবং কি কি ?

উত্তর:-সমাজদার্শনিকদের মতে, সমাজদর্শনের জ্ঞানগত দিকটি আবার তিনটি অংশ বা বিভাগ বর্তমান- (১) তাত্ত্বিক দিক (২) সমালোচনামূলক দিক এবং (৩) সমন্বয়মূলক দিক।

৭. সম্প্রদায় বলতে কি বোঝায়? উদাহরণ দাও।

উত্তর:-সম্প্রদায় হল মানুষের একটি সংগঠন, যেখানে কিছু সংখ্যক মানুষ একত্রিত হয়ে একটি নির্দিষ্ট অঞ্চলে বসবাস করে, বেড়ে ওঠে, এবং তাদের মধ্যে স্বতঃস্ফূর্তভাবে স্বাজাত্যবোধ গড়ে ওঠে, সেই সংগঠনকে বলা হয় সম্প্রদায়। যেমন- গ্রাম্য সম্প্রদায়, শহুরে সম্প্রদায়, শিকারী সম্প্রদায়, মেঘপালক সম্প্রদায় ইত্যাদি।

৮. সম্প্রদায়ের ভিত্তি কি?

উত্তর:- সম্প্রদায়ের ভিত্তি হল দুটি-(১) নির্দিষ্ট অঞ্চল এবং (২) স্বাজাত্যবোধ।

৯. গণতান্ত্রিক আদর্শের উল্লেখযোগ্য তিনটি বৈশিষ্ট্য কি কী ?

উত্তর:-গণতান্ত্রিক আদর্শের উল্লেখযোগ্য তিনটি বৈশিষ্ট্য হল-স্বাধীনতা, সাম্য ও আত্মত্ব।

১০. 'Democracy' শব্দটির অর্থ কী ?

উত্তর:-'Democracy' শব্দটি এসেছে দুটি গ্রীক শব্দ 'Demos' এবং 'Kratos' থেকে। 'Demos' শব্দটির অর্থ জনগণ এবং 'Kratos' শব্দটির অর্থ শাসন সুতরাং 'Democracy' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ হল জনগণের শাসন।

১১. প্রত্যক্ষ গণতন্ত্র বলতে কী বোঝ ?

উত্তর:-যখন বা নাগরিক সরাসরি সরকারী নীতি নির্ধারণের এবং সরকারী কার্যে অংশগ্রহণ করে, তখন সেইরূপ গণতন্ত্রকে বলা হয় প্রত্যক্ষ গণতন্ত্র।

১২. প্রত্যক্ষ গণতন্ত্র কোথায় দেখা যায়?

উত্তর:- প্রাচীন গ্রীসের ছোট ছোট নগর রাষ্ট্রে, যেমন গণতন্ত্র বা শাসন ব্যবস্থা প্রচলিত ছিল।

১৩. পরোক্ষ গণতন্ত্র বলতে কি বোঝ ?

উত্তর:-যে গণতন্ত্রে জনগণ সরাসরি শাসন কার্যে অংশগ্রহণ করে না, জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিরা শাসনকাজে অংশগ্রহণ করে এবং তাঁদের কাজের জন্য জনগণের কাছে দায়ী থাকে, সেইরূপ গণতন্ত্রকে বলা হয় পরোক্ষ গণতন্ত্র।

১৪. বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদের প্রতিষ্ঠাতা কে ?

উত্তর:- কার্ল মার্ক্স।

১৫. বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদের মূল তত্ত্ব দুটি কি কি?

উত্তর:- বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদের মূলতত্ত্ব দুটি হল- (১) ঐতিহাসিক বস্তুবাদ ও ইতিহাসের বস্তুবাদী ব্যাখ্যা এবং (২) উদ্ভূতমূল্যের তত্ত্ব।

১৫. উদ্ভূত মূল্য বলতে কি বোঝায়?

উত্তর:-মালিক শ্রমিকের শ্রমের যথার্থ মূল্য না দিয়ে কিছু অংশ প্রদান করে বাকী শ্রমের মূল্য নিজে মুনাফা হিসাবে শোষণ করে এই মুনাফা বা বাকী শ্রমের মূল্যই হল উদ্ভূত মূল্য।

১৬. গান্ধীজির মতে, সত্যগ্রহ কী ?

উত্তর:- গান্ধীজির মতে অহিংস পথে সত্যনিষ্ঠভাবে জীবন যাপন করাই হল সত্যগ্রহ।

১৭. 'Unto this last' গ্রন্থটি কার লেখা ?

উত্তর:- 'Unto this last' গ্রন্থটি ইংরেজ লেখক রাস্কিনের লেখা।

১৮. 'সর্বোদয়' শব্দটির আক্ষরিক অর্থ কি ?

উত্তর:- 'সর্বোদয়' শব্দটির আক্ষরিক অর্থ হল সবার কল্যাণ বা মঙ্গল।